

স্মারক নং-৪৬.০০.৭৭০০.০১৭.২৭.০০২.১৭(অংশ-১)- ৫৮

তারিখ : ০৯ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
২২ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার শালবাহান ইউনিয়ন পরিষদের ৭ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নূর ইসলাম একজন চার্জশীটভুক্ত আসামী এবং বর্তমানে ফৌজদারী মামলাসমূহের বিচারিক কার্যক্রম বিজ্ঞ আদালতে চলমান রয়েছে;

যেহেতু, উক্ত সদস্যের বিরুদ্ধে মামলা চলমান থাকায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার শালবাহান ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নূর ইসলাম একজন চার্জশীটভুক্ত আসামী এবং তাঁর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলাসমূহের বিচারিক কার্যক্রম বিজ্ঞ আদালতে চলমান থাকায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৭৭০০.০১৭.২৭.০০২.১৭(অংশ-১)- ৫৮

তারিখ : ০৯ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
২২ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড়।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ নূর ইসলাম, সদস্য, ০৭নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), শালবাহান ইউনিয়ন পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব